**বাংলাদেশ ব্যাংক**
**(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)**
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৩০

তারিখ ঃ ১৮ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ
০২ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাসেল-৩ সংশ্লিষ্ট Rationalised Input Template (RIT) এ তথ্য পরিবর্তন প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮, তারিখঃ ৯ সেপ্টেম্বর ২০২০ এবং বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৪ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ইতোপূর্বে উল্লিখিত গাইডলাইন্স এর Table 7: Risk Weights for Balance Sheet Exposure এর ক্রমিক নং "O" এ বর্ণিত "Investments in venture capital" এর বিপরীতে ১৫০% ঝুঁকিভার (Risk Weight) আরোপের নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮/২০২০ অনুযায়ী বাংলাদেশে Alternative Investment খাতের প্রসারের স্বার্থে Investments in venture capital-সহ Alternative Investment এর আওতাভুক্ত সকল খাতে (প্রাইভেট ইক্যুইটি, ইমপ্যাক্ট ফান্ড ইত্যাদি) বিনিয়োগের বিপরীতে ১০০% হারে ঝুঁকিভার নির্ধারণ করা হয়েছে যা মূলধন পর্যাপ্ততা বিবরণী দাখিলের ক্ষেত্রে সেপ্টেম্বর ২০২০ ত্রৈমাসিক হতে প্রযোজ্য হবে এবং সেপ্টেম্বর ২০২২ ত্রৈমাসিক পর্যন্ত বলবৎ থাকবে। পরিবর্তিত ঝুঁকিভার অনুযায়ী ব্যাসেল-৩ সংশ্লিষ্ট RIT (T_PS_Q_BASEL_BSL3)-টি হালনাগাদ (update) করে বাংলাদেশ ব্যাংকের Web Portal এ আপলোড করা হয়েছে।

৩। বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টাল হতে সংশোধিত ব্যাসেল-৩ সংশ্লিষ্ট RIT (T_PS_Q_BASEL_BSL3)-টি ডাউনলোড করে সেপ্টেম্বর ২০২০ ত্রৈমাসিক হতে সেপ্টেম্বর ২০২২ ত্রৈমাসিক পর্যন্ত মূলধন পর্যাপ্ততার বিবরণী দাখিল করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(শবরী ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন নংঃ ৯৫৩০২০৭